

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৮০৮

আগরতলা, ২৬ মার্চ, ২০২৬

রাজ্যপালের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ



আন্তঃরাজ্য শিক্ষা বিনিময় কর্মসূচির অঙ্গ হিসেবে আসাম-এর ডিমাহাসাও থেকে আসা ছাত্রীদের একটি দল আজ লোকভবনে এসে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে। ছাত্রীদের এই ভ্রমণের উদ্যোক্তা আসাম রাইফেলসের ২১ সেক্টর। রাজ্যপাল ছাত্রীদের তাদের ভবিষ্যৎ জীবন গঠনে আরও বেশি করে পড়াশোনা করার জন্য উৎসাহিত করেন। এই উদ্যোগ গ্রহণের জন্য তিনি আসাম রাইফেলস কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করতে আসা ২১ জন জনজাতি ছাত্রী বর্তমানে হাফলথয়ের একটি এনজিও'র মাধ্যমে বিনামূল্যে কম্পিউটারের প্রশিক্ষণ নিচ্ছে। সাক্ষাতকারের সময় আসাম রাইফেলসের ডিআইজি ব্রিগেডিয়ার নিশান চান্দেল এবং অন্যান্য আধিকারিকগণও উপস্থিত ছিলেন। লোকভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
